**তেল ফসল**

| ক্র.নং. | ফসল | জাত | বৈশিষ্ট্য | ছবি |
|---|---|---|---|---|
| ১. | সরিষা | বারি সরিষা-১৪ | ▪ জীবনকাল ৭৫-৮০ দিন ।<br>▪ রোপা আমন ও বোরো এর মধ্যবর্তী সময়ে সহজেই চাষ করা যায়।<br>▪ উচ্চতা ৭৫-৮৫ সেঃমি।<br>▪ প্রতি গাছে শুটির সংখ্যা ৮০-১০০টি শুটি যদিও দেখতে চার প্রকোষ্ট মানে হয় কিন্তু আসলে দুই প্রকোষ্ট বিশিষ্ট।<br>▪ বীজ হার: প্রতি হেক্টরে ৬-৭ কেজি ও প্রতি বিঘায় ৭০০-৮০০ গ্রাম।<br>▪ ফলন: ১.৪০-১.৬০ টন/হেক্টর। |  |
| | | বারি সরিষা-১৮ (ক্যানোলা জাত) | ▪ জীবনকাল ৯৫-১০০ দিন।<br>▪ আমন ধান-পতিত/সরিষা-পাট/আউশ/ডাল জাতীয় ফসল/অন্যান্য ফসল শস্যবিন্যাসে চাষের উপযোগী।<br>▪ গাছের উচ্চতা ৯০-১২৫ সেমি.।<br>▪ প্রতি গাছে শুটির সংখ্যা ৮০-১৩০ টি।<br>▪ প্রতি শুটিতে বীজের সংখ্যা ২৮-৩০টি। বীজের রং পিঙ্গল কালো। এ জাতের বীজের তেলে ইরুসিক এসিডের পরিমাণ প্রায় ১.০৬%। বীজে তেলের পরিমাণ ৪০-৪২%।<br>▪ বীজ হার: প্রতি হেক্টরে ৬-৭ কেজি ও প্রতি বিঘায় ৭০০-৮০০ গ্রাম।<br>▪ ফলন: ২.০০-২.৫০ টন/হেক্টর। |  |
| ২. | সূর্যমুখী | বারি সূর্যমুখী ২ | ▪ জীবনকাল: ৯৫-১০০ দিন (রবি মৌমুমে) এবং ৮৫-৯০ দিন (খরিফ মৌসুমে) ।<br>▪ গাছের উচ্চতা ১২৫-১৪০ সে.মি.।<br>▪ পরিপক্ক পুষ্পমঞ্জুরী বা মাথার ব্যাস ১৫-১৮ সে.মি.।<br>▪ প্রতি মাথায় বীজের সংখ্যা ৩৫০-৪৫০<br>▪ বীজের তেলের পরিমাণ শতকরা ৪২-৪৪ %<br>▪ বীজ হার: প্রতি হেক্টরে ১২-১৫ কেজি ও প্রতি বিঘায় ১.৫-২.০ কেজি।<br>▪ ফলন: ২.০০-২.৩০ টন/হেক্টর (রবি মৌসুমে) ও ১.৫০-১.৮০ টন/হেক্টর (খরিফ মৌসুমে)। |  |
| | | বারি সূর্যমুখী -৩ | ▪ জীবনকাল: ৯০-১০৫ দিন ।<br>▪ জাতটি পাতা ঝলসানো ও ঢলে পড়া বা মূল পচা রোগের প্রাদুর্ভাব খুব একটা দেখা যায় না।<br>▪ গাছ খাটো (৭৫-৮০ সে.মি.) ।<br>▪ ১০০০ বীজের ওজন ৬৫-৮৭ গ্রাম।<br>▪ প্রতি মাথায় বীজের সংখ্যা ৪১০-৮২৯ টি।<br>▪ বীজে তেলের পরিমাণ শতকরা ৩৮-৪০ %।<br>▪ বীজ হার: প্রতি হেক্টরে ১২-১৫ কেজি ও প্রতি বিঘায় ১.৫-২.০ কেজি।<br>▪ ফলন: ১.৫-২.০ টন/হেক্টর। |  |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | চীনাবাদাম | বারি চীনাবাদাম-৮ | ▪ জীবনকাল: ১৪০-১৫০ দিন (রবি মৌসুমে) এবং ১২৫-১৪০দিন (খরিফ মৌসুমে)।<br>▪ গাছের উচ্চতা ৩৫-৪২ সে.মি., গাছ খাড়া এবং গুচ্ছাকার, পাতা হালকা সবুজ।<br>▪ প্রতি ১০০ বীজের ওজন ৫৫-৬০ গ্রাম।<br>▪ বাদামের খোসা মসৃণ ও কিছুটা সাদাটে ও নরম, শিরা উপশিরাগুলো স্পষ্ট, বীজের রং লালচে এবং আকার মাঝারি।<br>▪ শতকরা সেলিং হার ৬৫-৭০%।<br>▪ বীজ হার: প্রতি হেক্টরে ১০০ কেজি ও প্রতি বিঘায় ১৩-১৪ কেজি।<br>▪ ফলন: ২.৫০-৩.০০ টন/হেক্টর (রবি মৌসুমে) এবং ২.০০-২.৩০ টন/হেক্টর (খরিফ মৌসুমে)। |  |
| | | বারি চিনাবাদাম-৯ | ▪ জীবনকাল: ১৪০-১৫০ দিন (রবি মৌসুমে) এবং ১২০-১৩০দিন (খরিফ মৌসুমে) ।<br>▪ এ জাতটি বারি চীনাবাদাম-৬ ও বারি চীনাবাদাম-৭ অপেক্ষা ৫-৭ দিন আগে পরিপক্ক হয়।<br>▪ গাছের উচ্চতা ৪০-৪৫ সে.মি.।<br>▪ প্রতি গাছ থেকে ২০-২২টি পুষ্ট বাদাম পাওয়া যায়।<br>▪ প্রতি ১০০ বীজের ওজন ৪৫-৪৭ গ্রাম।<br>▪ বাদামের খোসা কিছুটা অমসৃণ ও শিরা উপশিরাগুলো স্পষ্ট।<br>▪ বীজ হার: প্রতি হেক্টরে ১০০ কেজি ও প্রতি বিঘায় ১৩-১৪ কেজি (খোসা সহ)।<br>▪ ফলন: ২.৫০-২.৮০ টন/হেক্টর (রবি মৌসুমে) এবং ২.০০-২.২০ টন/হেক্টর (খরিফ মৌসুমে) |  |
| ৪. | তিসি | বারি তিসি-২ | ▪ জীবনকাল: ১০০-১১৫ দিন<br>▪ গাছের উচ্চতা ৭০-১০০ সেমি.।<br>▪ ফুলের রং নীল, বীজ ছোট ও চ্যাপ্টা, ফল ডিম্বাকৃতি।<br>▪ হাজার বীজের ওজন ৩.০-৩.৫ গ্রাম।<br>▪ ফলন: ০.৯৫-১.১ টন/হেক্টর । |  |